দৈনিক
ইনকিলাব

তারিখ ... 12 OCT 2002
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

আগামী শিক্ষা বর্ষে বিনামূল্যে সাড়ে ৫ কোটি বই বিতরণ করা হবে

বাসস ঃ বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর আওতায় আগামী শিক্ষা বর্ষে সরকার শিক্ষার্থীদের মধ্যে ৫ কোটি ৫২ লাখ ৩৫ হাজার ৫৬৪টি বই বিতরণ করবে।

ইতোমধ্যে প্রথম শ্রেণী থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বিতরণের জন্য এসব পাঠ্য বইসমূহ মুদ্রণের প্রক্রিয়া শুরু করা হয়েছে। শিক্ষা বছর শুরুতেই এসব বই

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

৫ কোটি বই

প্রথম পৃষ্ঠার পর

অর্থ বছরে মোট ৬৬৩ কোটি টাকা ব্যয় করা হবে।

এদিকে প্রাথমিক শিক্ষা কার্যক্রম নিশ্চিত করতে গত এক বছরে ৫ হাজার ৫৪৫টি বিভিন্ন স্তরের প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ, পুনর্নির্মাণ, মেরামতসহ অবকাঠামোগত উন্নয়ন করা হয়েছে।

শিক্ষার্থীদের হাতে তুলে দেয়া হবে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে

সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের পক্ষ থেকে বাংলাদেশ সংবাদ সংস্থাকে জানানো হয়, চলতি শিক্ষা বর্ষের শুরুতে সরকার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে মোট ৫ কোটি ৫২ লাখ বই বিনামূল্যে বিতরণ করেছে। এর মধ্যে ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ৮টি পাঠ্যপুস্তক পরিমার্জন করে প্রকাশও করা হয়েছে

এছাড়াও বর্তমান সরকার পূর্বেকার বই বিতরণ নীতিমালার আংশিক সংশোধন করেছে। সংশোধিত নীতিমালা অনুযায়ী খুলনা সিটি করপোরেশন পরিচালিত প্রাথমিক বিদ্যালয়, এস ও এস সিত পল্লী পরিচালিত প্রাথমিক বিদ্যালয়, জেনেভা ক্যাম্প প্রাথমিক বিদ্যালয়, প্রতিবন্ধী স্কুল ও ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে বই বিতরণের সিদ্ধান্ত নিয়েছে। আগামী শিক্ষা বর্ষ থেকে এ বই বিতরণ করা হবে। উল্লেখ্য, ইতোপূর্বে এসব বিদ্যালয় বই বিতরণ কার্যক্রমের আওতাভুক্ত ছিল না।